



# ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

## MORNING NEWS BULLETIN: BENGALI

18 MARCH, 2024, 7:35 AM

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল অবাধ , সুষ্ট ও স্বচ্ছ নির্বাচন অনুষ্ঠিত করতে গতকাল দিশপুর জনতা ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে রাজ্যে এবারের লোকসভা নির্বাচনে মোট ভোটদাতার সংখ্যা ২ কোটি ৪৩ লক্ষ ১ হাজার ৯শো ৬০ জন । এর মধ্যে ১ কোটি ২১ লক্ষ ৭৯ হাজার ৩শো ৫৮ জন পুরুষ এবং ১ কোটি ২১ লক্ষ ২২ হাজার ১শো ৮৮ জন মহিলা ভোটদাতা রয়েছেন । এছাড়া রাজ্যে ৪শো ৪১ জন তৃতীয় লিঙ্গের ভোটদাতাও রয়েছেন । মুখ্য নির্বাচনী আধিকারিক শ্রী গোয়েল জানান যে এ বারের নির্বাচনে রাজ্যে মোট ভোট গ্রহণ কেন্দ্রের সংখ্যা হচ্ছে ২৮ হাজার ৬শো ৫৪টি । এর মধ্যে , ২শো ৬২টি ভোট গ্রহণ কেন্দ্রকে আদর্শ ভোট গ্রহণ কেন্দ্র হিসেবে গড়ে তোলা হবে । উল্লেখ্য এই ভোট গ্রহণ কেন্দ্র গুলির মধ্যে ১ হাজার ৪শো ৯টি কেন্দ্র শুধুমাত্র মহিলাদের দ্বারা পরিচালিত হবে । রাজ্যের ৫০টি স্থানে ১শো ২৬টি ষ্ট্রং রুমের ব্যবস্থা থাকবে বলেও শ্রী গোয়েল জানিয়েছেন ।

শ্রী গোয়েল আরো জানিয়েছেন যে তিনটি পর্যায়ে ভোট গ্রহণের অধিসূচনা জারী হওয়ার ১০ দিন আগেও ভোটদাতারা তাদের নাম তালিকা ভুক্ত করার জন্য আবেদন জানাতে পারবে । এই আবেদনের ওপর ভিত্তি করেই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ।

আগামী ২০ মার্চ থেকে রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে ই-ভি-এম গুলি পরীক্ষা করে দেখা হবে । অন্যদিকে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন করা বা অবৈধ লেন-দেন সহ সম্ভাব্য অনিয়ম পর্যবেক্ষণ করার জন্য ফ্লায়িং স্কোয়াড সহ বিশেষ দল গঠন করা হবে বলে শ্রী গোয়েল জানিয়েছেন । তিনি বলেন যে ১৫ হাজার ৭শো ৭৭টি ভোট গ্রহণ কেন্দ্রে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা থাকবে ।

হাইলাকান্দ্র জেলা ম্যাজিস্ট্রেট , জেলায় আদর্শ আচরণ বিধি কঠোরভাবে বলবৎ করার পদক্ষেপ হিসেবে সরকারী সম্পত্তি থেকে প্রচার সামগ্রী সরানোর অভিযান শুরু করতে নির্দেশ দিয়েছেন । চক্র আধিকারিক পর্যায়ে টাস্ক ফোর্স গঠন করে গত শনিবার থেকে ইতিমধ্যে প্রচার সামগ্রী সরানোর কাজ শুরু হয়েছে ।

হাইলাকান্দ্রির জেলা আয়ুক্ত নিসাগ হিভারে গৌতমের পৌরহিত্যে গতকাল আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এক সভায় প্রতিটি রাজনৈতিক দলের কর্মকর্তাদের নির্বাচনী আর্দশ আচরন বিধি কঠোরভাবে মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে । সভায় অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে নির্বাচনী আর্দশ আচরন বিধির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেছেন এবং রাজনৈতিক দলগুলির সহযোগীতা কামনা করেছেন ।

---

করিমগঞ্জের জেলা ম্যাজিস্ট্রেট আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে জেলার লাইসেন্সধারী শস্ত্রের মালিকদের অতি শীঘ্র তাদের অস্ত্র সংশ্লিষ্ট পুলিশ থানায় জমা দেওয়ার নির্দেশ জারী করেছেন । এতে নির্বাচনের ফলাফল ঘোষণা হওয়ার পর অস্ত্রের মালিকরা সংশ্লিষ্ট পুলিশ থানা থেকে তাদের অস্ত্র জমা দেওয়ার রসিদ দেখিয়ে সেসব পুনরায় ফেরত নিতে পারবেন বলে জানানো হয়েছে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে ১৯৫৯ সালের আর্মস এ্যাক্টের অধীনে আইনী ব্যবস্থা নেওয়া হবে এবং তাদের লাইসেন্স বাতিল করা হবে বলে জানানো হয়েছে ।

---

আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ , সেবা রাজ্যের শিক্ষার্থীদের জন্য নতুন নির্দেশনা জারি করে নবম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য নাম পঞ্জীয়ন বাধ্যতামূলক করেছে । উল্লেখ্য নতুন শিক্ষানীতি অনুযায়ী এখন থেকে সেবার অধীন বিদ্যালয়গুলিতে অষ্টম শ্রেণী থেকে নবম শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার সংগে সংগে সব শিক্ষার্থীর নাম পঞ্জীয়ন করা বাধ্যতামূলক করা হয়েছে । আগামী পয়লা এপ্রিল থেকে অনলাইনে এই নাম পঞ্জীয়ন প্রক্রিয়া শুরু হবে । পঞ্জীয়নের সময় শিক্ষার্থী যে বিদ্যালয়ে পড়ে সেই বিদ্যালয়ের ইউ-ডাইস কোডের প্রয়োজন হবে ও সেই কোড শিক্ষা সেতু এ্যাপে ব্যবহার করা বাধ্যতামূলক করা হবে । বিদ্যালয়ের ইউ-ডাইস কোড ছাড়াও শিক্ষার্থীর অষ্টম শ্রেণীতে লাভ করা আই ডি নম্বর ও অষ্টম শ্রেণীর মার্কশিটেরও প্রয়োজন হবে ।

---

করিমগঞ্জের জেলা ম্যাজিস্ট্রেট আজ অনুষ্ঠেয় এ পি এস সি (কম্বাইন্ড) প্রতিযোগিতামূলক প্রিলিমিনারি পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য ১৪৪ ধারার অধিনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । করিমগঞ্জ শহরের সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং রবীন্দ্র সদন মহিলা কলেজে আজ এই পরীক্ষা অনুষ্ঠিত হবে । নিষেধাজ্ঞা অনুসারে আজ সকাল আটটা থেকে সন্ধ্যা ছ'টা পর্যন্ত পরীক্ষা কেন্দ্রগুলির একশো মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদন বিহীন ব্যক্তির প্রবেশ বন্ধ করা হয়েছে । এছাড়া ঐ এলাকার মধ্যে কোনোধরণের অস্ত্রশস্ত্র, বিস্ফোরক সামগ্রী বা অন্য কোনো সন্দেহজনক বস্তু নিয়ে চলাচল করা যাবে না । ঐ এলাকায় অনুমোদন বিহীন যানবাহনের অবৈধ পার্কিংও নিষিদ্ধ করা হয়েছে । অন্যদিকে পরীক্ষা কেন্দ্রগুলির ২০০ মিটার ব্যাসার্ধের মধ্যে লাউড স্পীকার এবং উচ্চ শব্দমাত্রা সৃষ্টিকারী যন্ত্রের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে । পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে এই নির্দেশ তাৎক্ষণিকভাবে বলবৎ করা হয়েছে ।

---